দর্শনায় চুরিকৃত ট্রাক ফরিদপুর ভাঙ্গা থেকে উদ্ধার

দর্শনায় বাসস্ট্যান্ড থেকে চুরিকৃত ট্রাক ফরিদপুর জেলার ভাঙ্গা থেকে উদ্ধার করেছে ট্রাকের মালিকপক্ষ। গতকাল রোববার ভোরের দিকে ২জোড়া চাকা, ব্যাটারী ও তেলের ট্যাংকি খালি অবস্থায় ট্রাকটি উদ্ধার করা হয়।

চুরিকৃত ট্রাকের মালিক দর্শনার সিকদার মটরসের সত্বাধীকারী হাবিবুর রহমান জানান, কোরবানী ঈদের দুইদিন আগে গত ৮ জুলাই ট্রাকটি দর্শনা বাসষ্ট্যান্ডের আরম মার্কেটের গ্যারেজে রাখেন।

সকলের অজান্তে গত বুধবার ১৩ জুলাই দিবাগত রাতে আন্ত:জেলা চোর চক্রের সদস্যরা ট্রাকটি চুরি করে নিয়ে যায়। পরদিন বৃহস্পতিবার সকালের দিকে ট্রাকটি যথাস্থানে দেখতে না পেয়ে সিসি টিভির ফুটেজ দেখে বুঝতে পারেন রাত ১২ টা ৪২ মিনিটের দিকে চোরেরা ট্রাকটি চুরি করে নিয়ে গেছে। অনেক খুজাখুজি করেও ট্রাকটির হদিস না পাওয়ায় ওই দিনই তিনি দর্শনা থানায় একটি জিডি করেন।

ট্রাক চুরি হওয়ার ৩ দিনের মাথায় গত শনিবার সন্ধ্যার দিকে একটি মোবাইল ফোন নম্বর থেকে বিল্লাল হোসেন নামে পরিচয় দিয়ে বলেন, ভাই আপনার কি কোন ট্রাক চুরি হয়ে গেছে, যার রেজিঃ নং ঢাকামেট্রো ট-২০-৭৮৭৬। ট্রাকটি ব্যাটারী ও চার চাকা খোলা অবস্থায় ফরিদপুর জেলার ভাঙ্গা-বরিশাল সড়কের একটি নির্রমানাধীন তেল পাম্পের অদুরে পড়ে আছে। এ খবর পেয়ে তিনি দর্শনা থানা পুলিশকে জানান। পরে ওই রাতেই তিনি পুলিশকে সাথে নিয়ে গতকাল ভোর সাড়ে চার টার দিকে চুরিকৃত ট্রাকটি উদ্ধার করা হয়। ট্রাকটি থানা হেফাজতে রয়েছে।

দর্শনা থানার ওসি এএইসএম লুৎফুল কবির চুরিকৃত ট্রাকটি উদ্ধারের ঘটনা সত্যতা নিশ্চিত করেছেন। এদিকে, দর্শনা থানা এলাকায় একের পর এক চুরি, ছিনতাই, ডাকাতি হওয়ায় এলাকায় জনমনে চরম আতঙ্ক বিরাজ করছে।

জীবননগরে হামলার অভিযোগে সাবেক ছাত্রলীগ নেতা গ্রেপ্তার

জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের কৃঞ্চপুরে কৃষি জমিতে সোলার বিদ্যুৎকেন্দ্র স্থাপন কে কেন্দ্র করে হামলার অভিযোগে করা মামলায় সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগ নেতা সাজ্জাদকে গ্রেপ্তার করা হয়েছে। রোববার তাঁকে গ্রেপ্তার করা হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক। তিনি বলেন, স্থানীয় ইউপি চেয়ারম্যান মো. আব্দুর রশিদ শাহের কাঠগোলা ও সোলার বিদ্যুৎকেন্দ্রে হামলায় ঘটনায় আব্দুর রশিদ ও আওয়ামী লীগ নেতা বাদী হয়ে দুটি মামলা করেছিলেন। এই মামলায় সাজ্জাদকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

সূত্রে জানা গেছে, রায়পুরের কৃঞ্চপুরে কৃষি জমিতে সোলার বিদ্যুৎকেন্দ্র স্থাপন করার প্রতিবাদে দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন স্থানীয় কৃষকেরা। এর ধারাবাহিকতায় গত ৭ জুলাই চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধন করেন কৃষকেরা। মানববন্ধন শেষে বাড়ি ফেরার সময় স্থানীয় চেয়ারম্যানের কাঠগোলা ও সোলার বিদ্যুৎকেন্দ্রের অফিসে হামলার অভিযোগে ৬৫ জনের নাম উল্লেখসহ আরও ১৫০ জনকে অজ্ঞাত আসামি করে মামলা করা হয়।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, স্থানীয় ইউপি চেয়ারম্যান মো. আব্দুর রশিদ শাহ, তাঁর ছেলে নয়ন ও জবা কৃঞ্চপুরের কৃষি জমিতে সোলার বিদ্যুৎকেন্দ্র স্থাপনের জন্য সিঙ্গাপুরভিত্তিক বহুজাতিক প্রতিষ্ঠান সাইক্রেটিক এনার্জি লিমিডেটকে সহযোগিতা করছেন। এ জন্য স্থানীয় কৃষকদের থেকে জোর করে জমি নেওয়ার চেষ্টা করছেন। কৃষকেরা প্রতিবাদ করায় তাঁদের বিরুদ্ধে মামলা দেওয়া হচ্ছে।

স্থানীয় কৃষক আবদার রহমান বলেন, কৃঞ্চপুরে কৃষি জমিতে সোলার বিদ্যুৎকেন্দ্র স্থাপনের জন্য আমাদের জমি জোর করে দখলের চেষ্টা করা হচ্ছে। জমি দেওয়ার জন্য আমাদের চাপ দিচ্ছেন ইউপি চেয়ারম্যান আব্দুর রশিদ, তাঁর ছেলে নয়ন ও জবা।

কৃষক মো. আনছার বলেন, জমি না দিতে চাওয়ায় আমাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দেওয়া হচ্ছে। আমরা জীবন দেব তবুও চাষের জমি দেব না। জমি দিলে আমরা খাব কী?

মামলার স্বাক্ষী মো. জসিম ও মো. সোহাগ বলেন, আমরা ঘটনাস্থলে ছিলাম না। আমাদের মামলায় স্বাক্ষী করা হয়েছে শুনছি। তবে আমরা এ বিষয়ে কিছুই জানি না।

তবে এসব অভিযোগ অস্বীকার করেন ইউপি চেয়ারম্যান মো. আব্দুর রশিদ শাহ। তিনি বলেন, ৭ জুলাই স্থানীয় বাসিন্দা ও কেন্দ্রীয় যুবলীগের সদস্য জাহাঙ্গীর আলমের নেতৃত্বে কয়েক শ কৃষক জেলা প্রশাসকের কার্যলয়ের সামনে বিক্ষোভ করেন। সেখান থেকে বাড়ি ফেরার পথে কৃষকেরা তাঁর কাঠগোলায় হামলা চালান। এ ঘটনায় তিনি বাদী হয়ে মামলা করেছেন। তিনি কোনো হয়রানি করছেন না।

আলমডাঙ্গায় প্রবাসীর বাড়িতে টাকা ও গহনা চুরি, চোর আটক

আলমডাঙ্গার কেশবপুর প্রবাসীর ঘরে চুরির অভিযোগে রোজা (৩৫)কে আটক করেছে পুলিশ। শনিবার দুপুরে ওই মামলায় জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের কেশবপুর গ্রামের চাঁদ আলীর ছেলে রোজা। তার বিরুদ্ধে দীর্ঘদিন যাবৎ চুরির অভিযোগ করে এলাকাবাসী।

গত জুন মাসের ২০ তারিখে কেশবপুর গ্রামের প্রবাসীর বাড়ি থেকে রাতের আধারে নগত দেড় লক্ষ টাকা ও স্বর্ণের গহনা চুরি করে নিয়ে যায়। যাবার সময় ওই বাড়িতে তার মোবাইল ফেলে যায় চোর রোজা।

সকালে উঠে ঘরের জিনিসপত্র এলোমেলো দেখে ডয়ার খুলে টাকা ও গহণা পায় না পরিবারের লোকজন। তবে, ঘরের মেঝেতে বাটন ফোন পড়ে থাকতে দেখে।

পরবর্তীতে ফোনের মালিক রোজাকে সনাক্ত করে। রোজার সাথে যোগাযোগ করতে থাকলে সে বাড়ি থেকে পালিয়ে যায়। পরবর্তীতে প্রবাসীর পরিবার থেকে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করে।

অভিযোগের ভিত্তিতে ২০ দিন পর চোর রোজাকে আটক করে পুলিশ। শনিবার দুপুরে সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করে পুলিশ।

আলমডাঙ্গায় শরিকানা জমি নিয়ে বিরোধ, অবরুদ্ধ দুটি পরিবার

আলমডাঙ্গায় শরিকানা জমি নিয়ে বিরোধের জেরে আপন ৬ ভাই মিলে দুই ভাইকে বেড়া দিয়ে গৃহবন্দি করে রেখেছে বলে অভিযোগ উঠেছে। ঘটনাটি আলমডাঙ্গা উপজেলার বাড়াদি স্কুলপাড়ায় ঘটেছে।

চলাচলের পথ বন্ধ করায় বিপাকে পড়েছে দুটি পরিবার। এ ঘটনায় সহিংসতার শঙ্কা প্রকাশ করেছে স্থানীয়রা। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি গ্রামের মৃত ফিতাজের দুই ছেলে আ.খলিল ও আ.রশিদ স্কুল প্রাঙ্গণে বসবাস করে আসছে।

দুটি পরিবার প্রায় ২৭ বছর যাবৎ মায়ের শরিকানা জমিতে বসবাস করে। ইতো মধ্যে দুই ভাই পাঁকা বাড়ি নির্মাণ করেছে। এদিকে, রশিদের ৬ ভাই রবিউল, করিম, রহিম, আজম, হাফিজুল ও দেলোয়ার মায়ের শরিকানার অন্যত্র জমিতে বসবাস করে। খলিল ও রশিদের মা মৃত সাহারী খাতুনের তিনটি দাগে ৬৯ শতক জমি রয়েছে। ওই জমিতে ৮ ভাই বসবাস করে আসছে।

দীর্ঘদিন বসবাস করে আসলেও গত কয়েক বছর পূর্বে স্কুল প্রাঙ্গণের জমির দলিল জাল করে করিমের বিরুদ্ধে বিক্রয়ের অভিযোগ করে রশিদ। এরপরেই তাদের দুই বোনের শরিকানা জমি ক্রয় করে রশিদ ও খলিল। এরই সূত্র ধরে রশিদ ও খলিলের নিকট শরিকানা জমির দাবিতে তার ৬ ভাই বাঁশের বেড়া দিয়েছে। এতে ২ টি পরিবার গৃহবন্দি হয়ে পড়েছে। এরই কারণে সহিংসতার আশঙ্কা করছে স্থানীয়রা।

এবিষয়ে ইউপি সদস্য হাসিবুল ইসলাম বলেন, শরিকানা জমি নিয়ে ভাই ভাই

বিরোধ চলে আসছে। শুনেছি রশিদ ও খলিলের বাড়ির সামনে বাঁশের বেড়া দিয়েছে।

দামুড়হুদার চন্দ্রবাসে সড়ক দূর্ঘটনায় দুজন গুরুতর আহত

দামুড়হুদা উপজেলার দর্শনা-মুজিবনগর সড়কে সড়ক দূর্ঘটনায় দুই মোটরসাইকেল আরোহী গুরুতর আহত হয়েছে। আহতরা হলেন দামুড়হুদা চাঁদপুর গ্রামের খালপাড়ার ভাদুর ছেলে সাইফুল (৩০) ও তার বন্ধু একই গ্রামের আব্দুল হালিমের ছেলে ওবাইদুর রহমান (১৭)।

শুক্রবার বিকাল ৬ টার দিকে চন্দ্রবাস-কানাইডাঙ্গা মাঠের সড়কে এই দূর্ঘটনা ঘটে।

স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানান শুক্রবার বিকাল ৬ টার দিকে সাইফুল ও তার বন্ধু ওবাইদুর রহমান চন্দ্রবাস গ্রামের উদ্দেশ্যে মোটরসাইকেলযোগে রওনা হয়ে চন্দ্রবাস-কানাইডাঙ্গা মাঠের মধ্যে রাস্তার পৌছালে চন্দ্রবাস থেকে ছেড়ে আসা একটি দ্রুত গতির মোটরসাইকেলের সামনে ধাক্কা লাগলে দুজন মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে যায় সড়কের উপর। এসময় তারা দুজন গুরুতর আহত হয়।

কার্পাসডাঙ্গায় যুব উন্নয়ন ক্লাবের ঈদ পূর্নমিলনী অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় যুবকদের ঈদ পূর্নমিলনী অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার রাত ৮টার দিকে কার্পাসডাঙ্গা কবরস্থান

মোড়ে কার্পাসডাঙ্গা যুব উন্নয়ন ক্লাবের উদ্যোগে পূর্নমিলনীর আয়োজন করা হয়।

যুব উন্নয়ন ক্লাবের সভাপতি ও ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারন সম্পাদক শরীফুজ্জামান শরীফের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস। বিশেষ অতিথি ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস।

এছাড়াও উপস্থিত ছিলেন যুবলীগ নেতা বখতিয়ার খলজি বকুল, ক্লাব সদস্য মেসকাত, জাহাঙ্গীর, হাসনাত, মফি, শফি, আলামিন, রানা, সালাউদ্দিন, শাহজামাল, মিনজুল, জাইরুল, মুন্না, খায়রুল, হারুন, শাহিন, জাকির, হাবিবুর, সাইদুর, মিরাজ, আব্দুর রহমান, এরশাদ, ইয়ান, আদালত, আব্বাস, আশাদুল, হাবিবুর, আতিক, মাহবুর, হাবিবুর, ইমরান প্রমুখ।

দর্শনা রেলইয়ার্ডে রাতের আধাঁরে ট্রাক ভিড়িয়ে ভুট্টা চুরি

দর্শনা রেলইয়ার্ডে রাতের আধাঁরে ট্রাক ভিড়িয়ে ট্রেনের ওয়াগন হতে ভুট্টা চুরির ঘটনা ঘটেছে। এসময় ট্রাক চালক পালিয়ে গেলেও চোরাই মালামালসহ চোর চক্রের ৪ সদস্য আটক করেছে পুলিশ।

সেই সাথে উদ্ধার হওয়া ভুট্টা সহ ট্রাকটি পুলিশ জব্দ করে থানা হেফাজতে নিয়েছে। এ ঘটনায় ভুট্টা মালিক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের করেছে।

আটককৃতরা হচ্ছে দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের ঈদগাঁহপাড়ার জিন্নাত আলীর ছেলে নিজাম উদ্দিন (২৮), দর্শনা আজিমপুর মোস্তফা ডাক্তারের বাড়ির পাশের মৃত সিরাজ মিস্ত্রির ছেলে সাগর হোসেন (৩০) ও দর্শনা থানাপাড়া রেল ইয়ার্ড এলাকার

ইয়াকুব আলীর ছেলে সুমন ইসলাম (২০) এবং মৃত মোজাহার শাহর ছেলে ফজলু (৫৫)।

জানাগেছে, শুক্রবার ভোর ৪ টার দিকে দর্শনা রেল ইয়ার্ড চত্বরে একদল চোর সিন্ডিকেট ইয়ার্ডে হানা দেয়। এসময় চোরেরা ইয়ার্ডে ট্রাক ভিড়িয়ে ইয়ার্ডের থাকা রেল ওয়াগনের দরজার সীলগালা খুলে ওয়াগনের মধ্যে থাকা ভুট্টা চুরি শুরু করে।

এরই একপর্যায় চোরেরা ট্রাক লোড করে ভুট্ট নিয়ে পালিয়ে যাওয়ার সময় দর্শনা পুরাতন বাজার রেলগেইট সংলগ্ন উত্তর পূর্ব দিকে জনৈক আমজাদ হোসেনের সাগর সাইকেল ষ্টোর রেলবাজার নামক দোকানের সামনে ট্রাকটি পৌছালে দর্শনা থানা পুলিশ ট্রাকটিকে গতিরোধ করে।

এসময় ট্রাক চালক পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে গেলেও পুলিশ ঘটনাস্থল থেকে চোর সিন্ডিকেটের ৪ সদস্যকে আটক করতে সক্ষম হয়। এসময় পুলিশ ৯০ বস্তা ভুট্টা সহ ট্রাকটি জব্দ করে থানা হেফাজতে নেয়।

এ ঘটনায় মালামালের মালিকদর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের হাজী মোঃ আজহার আলীর ছেলে বিশিষ্ট সি এ্যান্ড এফ ব্যাবসায়ী মেসার্স নর্থ বেঙ্গল শিপিং এজেন্সি প্রপাইটার লিমিটেডের স্বত্বাধীকারী আতিয়ার রহমান বাদী হয়ে আটককৃত আসামী সহ ট্রাক চালক দর্শনা থানাপাড়া (রেলইয়ার্ড) এর ইয়াকুব আলীর ছেলে সাগরকে (২৮) আসামী করে দর্শনা থানায় অজ্ঞাত আরও ৫/৬ জনকে আসামী করে মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গায় জমি বিক্রয়ের নামে প্রতারণা, সৎ ভাইয়ের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

আলমডাঙ্গার আনন্দধামে ৩ শতক জমি বিক্রির ঘোষনা দিয়ে নগদ টাকা ও মাঠের ৪৫ শতক জমি নেবার পরও জমি না দিয়ে প্রতারণা করার অভিযোগে

সংবাদ সম্মেলন করেছেন।

শুক্রবার আবু জাফর ও তার ভাই জাহাঙ্গীর আলম লিখিত সংবাদ সম্মেলনে উল্লেখ করেছেন যে, আমাদের পিতা ডামোস গ্রামের মৃত আব্দুল জলিল আলমডাঙ্গা শহরের আনন্দধামে ১৭ শতক জমির মধ্যে আমাদের দুই ভাইয়ের নামে ৮ শতক ও আমাদের সৎ ৩ ভাইয়ের নামে ৯ শতক জমি রেজিস্ট্রি করে দেন।

আমরা সৎ দুই ভাইয়ের কাছ থেকে কিছু জমি আগে ক্রয় করি। আমার অন্য আরেক সৎ ভাই হাবিল উদ্দিনের নামীয় ৩ শতক জমি গত ২৪/০৬ /২২ সালে ক্রয়ের জন্য দরদাম করি। মূল্য নির্ধারণের পর তাকে নগদ ১ লাখ ৪৩ হাজার টাকা ও ডামোস মাঠে ৪৫ শতক জমি প্রদান করি। যা আনন্দধাম এলাকার গণ্যমান্য ব্যক্তির স্বাক্ষরের মাধ্যমে চুক্তিনামা করা হয়। চুক্তিনামা করার পর দীর্ঘদিন অতিবাহিত হলেও জমি রেজিস্ট্রি না করে আমাদের সাথে টালবাহানা শুরু করে।

সে আমার জমিতে পুকুর কেটে দীর্ঘ ১২ বছর ভোগ দখল করলেও সৎ ভাই হাবিল ও তার ছেলে লিপু জমি রেজিস্ট্রি না করে দিয়ে প্রতারণা শুরু করে। বাধ্য হয়ে আমরা ২০১৫ সালে আদালতে মামলা দায়ের করি। যা চলমান রয়েছে। এরই এক পর্যায়ে গত ১২ জুলাই হাবিল ও তার ছেলে লিপু বেশ কয়েকজনকে নিয়ে দোকানে তালা লাগাতে আসে।

আমরা নিষেধ করলে আমাদের উপর হামলা করে। রড ও বাটাম দিয়ে বেধড়ক পিটিয়ে জখম করে। মারাত্মক আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা শেষে বাড়ি ফিরি। তারা মিথ্যা অভিযোগ দায়েরের জন্য নাটক সাজিয়েছে। আমরা সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রশাসনের নিকট সুষ্ঠ বিচারের দাবী জানাচ্ছি।

দর্শনায় সাংবাদিক রুবেল হত্যাকারীদের গ্রেফতারের

দাবিতে মানববন্ধন

কুষ্টিয়ার সাংবাদিক হাসিবুর রহমান রুবেল হত্যাকারীদের অবিলম্বে গ্রেফতার ও শাস্তির দাবীতে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির উদ্দ্যেগে প্রতিবাদ সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ১০ টার দিকে দর্শনা প্রেসক্লাবের সামনে প্রতিবাদ সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে ও সাবেক সেক্রটারী ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় মানববন্ধনে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা সিসিবির সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান, সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এস,এম ওসমান, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার রহমান বকুল, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি আতিয়ার রহমান, সাধারণ সম্পাদক জামাল হোসেন খোকন, হাসাদহ প্রেসক্লাবের সভাপতি মতিয়ার রহমান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, সদস্য ডাক্তার আব্দুল হান্নান।

মানববন্ধনে বক্তরা বলেন, দিন দিন সাংবাদিকদের উপর নির্যাতন বাড়ছে। সাংবাদিক হত্যার বিচার হচ্ছে না। সাগর-রুনি হত্যা এক যুগ পার হলেও সেই বিচার আজও হয়নি। কয়েক দিন আগে আমাদের সহকর্মী রুবেলকে হত্যা করা হলো। প্রশাসন লাশ উদ্ধার করতে অনেক সময় নিল। আসামিদের গ্রেপ্তার করতে গড়িমসি করেছে। ডিজিটাল যুগে কেনো এত সময় লাগছে আসামি শনাক্ত করতে, কেন গড়িমসি করছে আমরা বুঝতে পারছি না।

বক্তরা অনতিবিলম্বে সাংবাদিক রুবেল হত্যায় জড়িতদের গ্রেপ্তারের দাবি জানান। আসামিদের গ্রেপ্তার করা না হলে কঠোর আন্দোলনের হুশিয়ারি দেন।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সহ-সভাপতি মোজাম্মেল হক শিশির, সাংগাঠনিক সম্পাদক তমছের আলী, দর্শনা সাংবাদিক সমিতির সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, প্রেসক্লাবের সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য এফএ আলমগীর, হানিফ মন্ডল এবং সাংবাদিক সমিতির সহ-সম্পাদক নজরুল ইসলাম, সাংগনিক ও অর্থ

সম্পাদক মাহমুদ হাসান রনি, সাহিত্য- সাংষ্কৃতি ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ আহমেদ রয়েল, সুকমল চন্দ্র দাস বাঁধন, আবিদ হাসান রিফাত, ফরহাদ হোসেন, ইয়াছিন জুয়েল প্রমুখ।

জীবননগরে চেয়ারম্যানের উপর হামলার ঘটনায় প্রতিবাদ সভা

জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের কৃঞ্চপুর গ্রামের তিন ফসলী কৃষি জমিতে সোলার বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কেন্দ্র করে রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আঃ রশিদ শাহের উপর হামলার প্রতিবাদে প্রতিবাদ সভা ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার সময় জীবননগর উপজেলার রায়পুর গ্রামে ইউনিয়নবাসীর আয়োজনে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সভায় হামলাকারীদের বিরুদ্ধে দ্রুত সময়ে ব্যবস্থা নেওয়ার দাবি জানানো হয় ।

রায়পুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি তাজ্জদ মির্জার সভাপতিত্বে প্রতিবাদ সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রশিদ শাহ্।

এছাড়াও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য আব্দুর রাজ্জাক শাহ, রায়পুর ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক রওশন, রায়পুর ইউপি সদস্য মানিক,১নং ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি ইসমাইল বিশ্বাস, ৫নং ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি আবু তালেব,সাধারন সম্পাদক আতিয়ার রহমান,৬নং ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি তালেব,সাধারন সম্পাদক কেরামত আলী,যুবলীগ নেতা মশিয়ার রহমান, জীবননগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি নয়ন প্রমুখ।